দেশে করোনায় আরও ৯ জনের মৃত্যু, নতুন আক্রান্ত ৩০৯

দেশে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও ৯ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়াল ১৪০ জনে।

গত ২৪ ঘন্টায় নতুন নমুনা পরীক্ষা করা হয়েছে ৩৩৩৭ জনের। একই সময়ে নতুন করে আক্রান্ত হয়েছেন ৩০৯ জন, এ নিয়ে সর্বমোট আক্রান্ত চার হাজার ৯৮৯ জন।

শনিবার বিকালে স্বাস্থ্য অধিদফতরের নিয়মিত সংবাদ ব্রিফিংয়ে এসব তথ্য তুলে ধরেন অধিদফতরটির অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা।

জরুরি সেবায় অফিস খুলছে আগামীকাল রোববার

করোনাভাইরাস পরিস্থিতিতে সাধারণ ছুটিতে জরুরি সেবার সঙ্গে সংশ্লিষ্ট সব সরকারি অফিস সীমিত পরিসরে আগামীকাল রোববার থেকে খোলা রাখা হচ্ছে।

তবে এবার অন্যান্য জরুরি সেবার পাশাপাশি ১৮টি মন্ত্রণালয় ও বিভাগের কার্যক্রম ঢাকা ও সারা দেশে সীমিত পর্যায়ে খোলা থাকবে। এ ছাড়া ওষুধশিল্প, উৎপাদন ও রপ্তানিসহ সব কলকারখানা কর্তৃপক্ষ শ্রমিকদের নিরাপত্তা ও স্বাস্থ্য সেবা নিশ্চিত করে চালু রাখতে পারবে।

মন্ত্রণালয় ও বিভাগ খোলা রাখার আগের নির্দেশনা প্রত্যাহার করে নতুন করে প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। প্রায় এক মাস বন্ধ থাকার পর আগামী কাল সচিবালয়ে অফিস করবে সরকারি

কর্মকর্তা ও কর্মচারীরা।

আজ শনিবার জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিব শেখ ইউসুফ হারুন ফোনে ইনকিলাবকে এ তথ্য জানান। জনপ্রশাসন সচিব বলেন, আগামী কাল রোববার জরুরি সেবায় নিয়োজিত অফিস গুলো সীমিত আকারে খুলবে। প্রথমে ১৮ মন্ত্রণালয় ও বিভাগ সীমিত পরিসেও খোলা থাকবে এমন একটা প্রজ্ঞাপন জারি করা হয়েছ।

এখন নির্দেশনা হলো, যেসব মন্ত্রণালয় বা বিভাগ জরুরি পরিষেবা ও কাজের সঙ্গে সম্পৃক্ত সেই সব মন্ত্রণালয় ও সীমিত আকারে খোলা রাখতে পারবে। সচিব বলেন, সাধারণ ছুটিকালীন ঢাকাসহ সব বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে এসব মন্ত্রণালয় ও বিভাগ এবং এর অধীন দপ্তরগুলো সীমিত পরিসেও খোলা রাখতে বলা হয়েছে।

বৃহস্পতিবার এ বিষয়ে দুটি পৃথক প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। এতে বলা হয় সাধারণ ছুটিকালীন ঢাকাসহ সব বিভাগ এবং জেলা ও উপজেলা পর্যায়ে ১৮টি মন্ত্রণালয় ও বিভাগ খোলা থাকবে।

এই অফিসগুলো হলো, প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, কৃষি, বাণিজ্য, খাদ্য ও জনপ্রশাসন মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, তথ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, নৌপরিবহন, সমাজকল্যাণ, মহিলা ও শিশু বিষয়ক এবং মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়।

দেশজুড়ে করোনাভাইরাস মোকাবিলা এবং এর বিস্তার রোধে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে গত ২৬ মার্চ থেকে দেশে সাধারণ ছুটি চলছে। সর্বশেষ সরকার সেই ছুটি আগামী ৫ মে পর্যন্ত বাড়িয়েছে সরকার।

ঝিনাইদহে করোনা আক্রান্ত ২ জনের একজন শিক্ষক, অন্যজন শ্রমিক

ঝিনাইদহে দুই জন করোনা রোগী সনাক্ত হয়েছে। আজ সকাল ১০ টার দিকে সিভিল সার্জন ডা: সেলিনা বেগম খবরটি নিশ্চিত করেছেন। আক্রান্তদর বয়স ৩২ থেকে ৩৫ বছরের মধ্যে।

ঝিনাইদহ সিভিল সার্জন ডা: সেলিনা বেগম জানান, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে ১৯ টি নমুনার ফলাফল পাঠানো হয়েছে। এর মধ্যে ২ জন করোনা পজেটিভ এসেছে।

তাদের মধ্যে ঝিনাইদহ শহরে হাসান ক্লিনিকের পিছনে এক নারী স্কুল শিক্ষক যিনি চন্ডিপুর সরকারী প্রইমারী স্কুলের শিক্ষক। তিনি ঢাকায় গিয়ে নিয়ন্ত্রনহীনভাবে মটরসাইকেলে চলাফেরা করেন এবং তার ছবি ফেসবুকে দেন।

অন্যজন হচ্ছে কালীগঞ্জ উপজেলার মোল্লাডাঙ্গা গ্রামে একজন পুরুষ শ্রমিক। মোল্লাডাঙ্গা গ্রামে আক্রান্ত পুরুষটি ফরিদপুর উপজেলার ভাঙ্গা এলাকায় শ্রমিকের কাজ করতো এবং আক্রান্ত নারী স্কুল শিক্ষক গত ২০ এপ্রিল ঢাকা থেকে ঝিনাইদহে এসেছে।

করোনা আক্রান্ত রোগীরা কি অবস্থায় আছে তা দ্রুততার সাথে খোজ নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে বলে জানান সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম।

তবে জেলাকে লকডাউন করার জন্য আগে থেকেই বিভিন্ন মহল থেকে দাবী জানিয়ে আসছিলো। এদিকে জেলায় করোনা রোগী শনাক্ত হলেও নিয়ন্ত্রণহীন অবস্থায় চলছে শহরে চলাচলকারী ছোট যানবাহনগুলো। ৭/৮ জন যাত্রী নিয়ে চলাচল করছে ইজি বাইক, রিক্সা-মটর সাইকেলেও একাধিক যাত্রী চলাচল করছে।

এগুলো নিয়ন্ত্রণে না থাকা এবং স্বাস্থ্য বিভাগের সুপারিশের পরও জেলা লকডাউন না করায় চরম ক্ষুব্ধ হয়ে উঠেছে সচেতন মহল। সচেতন মহলের ভাষ্যমতে শহর ও গ্রাম এভাবে নিয়ন্ত্রণহীন অবস্থা চলতে পারে না। হাট বাজারের কোন নিয়ন্ত্রণ নেই।

বিষয়টি নিয়ে সিভিল সার্জন অফিসের করোনা ইউনিটের চিকিৎসক ডা. প্রসেনজিৎ বিশ্বাস পার্থ জানান, সারা দেশে যেভাবে করোনা রোগী সনাক্ত হচ্ছ তাতে এভাবে সামাজিক দূরত্ব বজায় না রাখলে পরিস্থিতি আরো নিয়ন্ত্রণের বাইরে চলে যাবে। তাই এখনই সকলের উচিৎ স্বাস্থ্য বিধি মেনে চলা, যথাসম্ভব ঘরে থাকা।

যবিপ্রবি’র অনুজীব বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ও জিনোম সেন্টারের সহকারি পরিচালক অধ্যাপক ইকবাল কবীর জাহিদ গণমাধ্যমকে জানান, ল্যাবে সর্বশেষ ঝিনাইদহের ২০টি পরীক্ষা করে দুই জনার শরীরে করোনা সনাক্ত হয়। এদিকে ঝিনাইদহে করোনা সনাক্ত হওয়ার পর মানুষের মাঝে ভীতি ছড়িয়ে পড়েছে।

গাংনীতে কর্মহীনদের মাঝে সরকারি ত্রাণ বিতরণকালে এম এ খালেক

করোনা পরিস্থিতিতে সারা বিশ্বের ন্যায় আমাদের দেশও আজ এক কঠিন সংকটের মধ্যে পড়েছে। তবে জাতির জনক বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে এখন পর্যন্ত মহান রাব্বুল আলামীনের রহমতে আমাদের দেশের মানুষ ভাল আছে।

শনিবার সকাল থেকে গাংনী পৌর এলাকার ৬ নং, ৯নং ওয়ার্ড এলাকার ও কর্মহীন মোটরসাইকেল মেকানিকদের মাঝে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে খাদ্য সহায়তা বিতরণ কালে এ কথা বলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এখালেক। তিনি বলেন, আজ দেখা যাচ্ছে অনেকেই আছেন যাদের সামর্থ্য আছে মানুষকে সহায়তা করা অথচ তারা আজ ঘরের ভিতরে।

তারা ইচ্ছা করলেই পারেন সরকারের পাশাপাশি মানুষের পাশে দাঁড়াতে। উপজেলা চেয়ারম্যান এম এ খালেক বলেন, আমরা শুধু প্রধানমন্ত্রীর

ত্রাণের দিকে চেয়ে না থেকে আসুন যার যতটুকু সামর্থ রয়েছে ততটুকু নিয়েই মানুষের পাশে দাঁড়াই। সরকারি ত্রাণ তহবিল থেক আজ মোট ১শ’৩৩ জনের মাঝে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে খাদ্য সহায়তা বিতরণ করা হয়। এ সময় পৌর আওয়ামী লীগের সভাপতি সানোয়র হোসেন বাবলু, সাধারন সম্পাদক আনারুল ইসলাম বাবু সহ স্থানীয় নেতা কর্মীবৃন্দরা উপস্থিৎ ছিলেন।

করোনার তাণ্ডবের মধ্যেই বঙ্গোপসাগর দিয়ে ধেয়ে আসছে বছরের প্রথম ঘূর্ণিঝড় ‘আম্ফান’!

গোটা বিশ্ব এখন কাঁপছে প্রাণঘাতী করোনাভাইরাসের প্রকোপে। এই ভাইরাসের তাণ্ডবে ইতোমধ্যে বিশ্বের ২১০টি দেশ ও অঞ্চলের অন্তত ২৮ লাখ ৩০ হাজার মানুষ আক্রান্ত হয়েছে। মৃত্যু হয়েছে ১ লাখ ৯৭ হাজার ২ শতাধিক মানুষের।

বিশ্বজুড়ে প্রাণঘাতী করোনাভাইরাসের এই তাণ্ডবের মধ্যেই বঙ্গোপসাগর দিয়ে ধেয়ে আসছে বছরের প্রথম ঘূর্ণিঝড় ‘আম্ফান’!

এপ্রিলের শেষে বা মে মাসের শুরুতেই বঙ্গোপসাগরে আঘাত হানবে এই ‘আম্ফান’। তবে কোথায় আছড়ে পড়তে পারে ওই আম্ফান, তা এখনও স্পষ্ট নয়। খবর ওয়ান ইন্ডিয়ার।
আম্ফান নামটি দিয়েছে থাইল্যান্ড। ‘আম্ফান’ ২০১৯-এর ঘূর্ণিঝড় তালিকার শেষ নাম। ‘নর্দান ইন্ডিয়ান ওশেন সাইক্লোন’-এর নামগুলো আটটি দেশ পর্যায়ক্রমে রাখে। এই পর্যায়ক্রমগুলো হল-বাংলাদেশ, ভারত, মালদ্বীপ, মিয়ানমার, ওমান, পাকিস্তান, শ্রীলঙ্কা ও থাইল্যান্ড। সেই পর্যায়ক্রমে আট নম্বর তালিকায় শেষ নামটি হল আম্ফান।

প্রতিবেদনে বলা হয়েছে, এপ্রিলে সৃষ্ট হওয়া ঘূর্ণিঝড় ভারতীয় মূল

ভখণ্ডের দিকে এগিয়ে যাওয়ার সম্ভাবনা কম। ভারতের পূর্ব উপকূলে মাত্র চারটি ঝড় আছড়ে পড়েছে ১৮৯১ সাল থেকে। বাকি ২৪টি ঝড় বাংলাদেশ-মিয়ানমারে আছড়ে পড়েছে। এপ্রিলে ঝড়ের প্রাক ইতিহাস গত ১০ বছরে অর্থাৎ ২০১০ থেকে ২০১৯ সালের মধ্যে আরব সাগরে এপ্রিল মাসে সে অর্থে কোনও ঘূর্ণিঝড়ের সৃষ্টি হয়নি এবং একইভাবে বঙ্গোপসাগরে জুনেও কোনও ঝড় ওঠেনি।

গত দশকে এই দুই অববাহিকার প্রতিটিতে চারটি ঘূর্ণিঝড় দেখা গেছে। মরুত এই দশকের প্রথম ঝড়। এটি ২০১৭ সালের ১৫ এপ্রিল সংগঠিত হয়েছিল এবং শক্তিশালী উল্লম্ব বায়ুর কারণে ২৪ ঘণ্টার মধ্যে দুর্বল হয়ে পড়ে।

এপ্রিল বা মে মাসের প্রথমার্ধে ঘূর্ণিঝড়গুলো বেশিরভাগই বাংলাদেশ বা মিয়ানমারকে আঘাত করে। এর মধ্যে ঘূর্ণিঝড় ফণী গত বছর ব্যতিক্রম ছিল। যা এপ্রিলের শেষদিকে উড়িষ্যা উপকূলকে ধ্বংস করে দেয়।

ভারতের আবহাওয়া অফিসের বরাত দিয়ে ওয়ান ইন্ডিয়ার প্রতিবেদনে আরও বলা হয়েছে, খুব শিগগিরই বঙ্গোপসাগরে এই মৌসুমের প্রথম সাইক্লোন তৈরি হতে চলেছে। ২৭ এপ্রিল আন্দামান সাগরের ওপর এই ঘূর্ণাবর্ত তৈরি হবে। পরদিন ২৮ এপ্রিল একই অঞ্চলে থেকে তা শক্তি সঞ্চয় করবে। ২৯ এপ্রিল ওই ঘূর্ণাবর্ত নিম্নচাপে পরিণত হবে। পরদিন ৩০ এপ্রিল গভীর নিম্নচাপে পরিণত হয়ে সমুদ্রের ওপর দিয়ে বইতে শুরু করবে। সূত্র-বাংলাদেশ প্রতিদিন

১৪০০ বছরে এই প্রথম আল-আকসা মসজিদে ভিন্নচিত্র, মন খারাপ মুসল্লিদের

১৪০০ বছরে এমনটা কখনও হয়নি। এবার করোনার জন্য সেটাই হচ্ছে জেরুজালেমের আল-আকসা মসজিদে। রমজানে মুসল্লি শূন্য মসজিদ চত্বর। প্রতিবারই পবিত্র রমজান মাসজুড়ে হাজার হাজার মুসলিম সম্প্রদায়ের

মানুষ পাশাপাশি দাঁড়িয়ে জামাতে নামাজ পড়তেন এখানে। কখনও মানুষের সংখ্যা লাখ ছাড়িয়ে যেত। এবার একজনও মানুষ নেই সেই মসজিদে। মুসলিম সম্প্রদায়ের কাছে তৃতীয় পবিত্রতম এই মসজিদ। আপাতত জেরুজালেমে সবরকম জমায়েত বন্ধ। মসজিদে জামাতে নামাজ আদায়ও বন্ধ।

নির্দেশনা মোতাবেক বাড়িতে নামাজ আদায়ের কথা বলা হয়েছে। মহামারী করোনার তাণ্ডবে এমন সিদ্ধান্তে ফিলিস্তিনিদের মন খারাপ। পূর্ব জেরুজালেমের বাসিন্দা আম্মার বাকির বললেন, আল-আকসা মসজিদ কখনও বন্ধ থাকতে পারে এটা আমরা স্বপ্নেও ভাবিনি। মসজিদ বন্ধের প্রভাব পড়ছে জনগণের মধ্যে। সবার মন খারাপ। পবিত্র রোজা এভাবে কাটবে আমরা মেনে নিতে পারছি না। মসজিদ চত্বরে কোনও মানুষ নেই। স্বপ্নেও এমন ছবি দেখিনি কখনও।

মহামারী করোনার সংক্রমণ থেকে বাঁচতে গত ২২ মার্চ থেকে আল-আকসা মসজিদ বন্ধ রাখার সিদ্ধান্ত নেয় কর্তৃপক্ষ। নামাজ আদায় বন্ধ বলে জানায় জেরুজালেম ইসলামিক ওয়াকফ কাউন্সিল। গত ১৬ এপ্রিল জানানো হয়, এই নিষেধাজ্ঞা এবারের রমজান মাস জুড়ে অব্যাহত থাকবে। তারাবিহ—র নামাজ এবার বাড়িতেই আদায় করার অনুরোধ করে কর্তৃপক্ষ। নামাজ আদায় বন্ধ থাকলেও আল-আকসায় যথারীতি পাঁচ ওয়াক্ত আজান দেওয়া অব্যাহত থাকবে।
আল-আকসার পরিচালক শেখ ওমর আল-কিসোয়ানি বলেছেন, গত ১৪০০ বছরে এমন কখনও হয়নি। সবার মনে কষ্ট হচ্ছে ঠিকই। কিন্তু এই ভাইরাসের হাত থেকে বাঁচতে এমন কঠিন সিদ্ধান্ত নেওয়া ছাড়া উপায় ছিল না। প্রসঙ্গত, ফিলিস্তিনে করোনা আক্রান্তের সংখ্যা ৩৩৫। মৃত্যু হয়েছে মাত্র দু’জনের। উল্লেখ্য, প্রাণঘাতী করোনার ছোবলে প্রতিদিনই লাফিয়ে লাফিয়ে বাড়ছে মৃত্যু ও আক্রান্তের সংখ্যা। বিশ্বজুড়ে এখন পর্যন্ত এক লাখ ৯৭ হাজার ৩০৬ জনের মৃত্যু হয়েছে আর আক্রান্ত ছাড়িয়েছে ২৮ লাখ।

সূত্র : প্যালেস্টাইন ক্রোনিকেল।

মুজিবনগরে ব্রাক কর্মির স্ত্রী-সন্তান করোনা নেগেটিভ

মেহেরপুর জেলায় প্রথম করোনা ভাইরাস আক্রান্ত ব্র্যাক কর্মীর স্ত্রী ও শিশু কন্যা কোভিড-১৯ নেগেটিভ। বিষয়টি নিশ্চিত করেছেন মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন৷

তিনি জানান, বুধবার (২২ এপ্রিল) সকালে ব্র্যাকের যক্ষা কর্মী মেহেরপুর জেলা প্রথম ব্যক্তি হিসেবে কোভিড-১৯ পজিটিভ হয়।

রিপোর্ট পেয়ে মুজিবনগর উপজেলার ভবরপাড়া গ্রামের তার ভাড়া বাসাসহ আশেপাশের ৬টি বাড়ি লক ডাউন করা হয়।

তাকে বাসায় আইসোলেশনে রাখা হয়েছে। শারীরিক কোন সমস্যা নেই।

ওই দিনই তার স্ত্রী ও ৫ বছর বয়সী শিশু কন্যার নমুনা সংগ্রহ করে পাঠানো হয়। তারা কোভিড-১৯ নেগেটিভ।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে করোনায় মৃতের তথ্য আইইডিসিআর এ নাই !

মেহেরপুরের মুজিবনগর উপজেলার ভবেরপাড়ায় করোনায় আক্রান্ত ইদ্রিস আলীর মৃত্যুর তথ্য আইইডিসিআর এ নেই।
গত বৃহস্পতিবার দুপুরে আইইডিসিআর এর অনলাইন প্রেস ব্রিফিং এ জানান হয় মৃতের সংখ্যা ৭ জন, যারা সবাই ঢাকার এবং শুক্রবার দুপুরে অনলাইন ব্রিফিং এ মৃতের সংখ্যা ৪ জন তারাও সকলেই ঢাকার। শুক্রবার ৪ জনের বয়স উল্লেখ করা হয়েছে ৫১ থেকে ৬০ বছর।

জানা গেছে,মেহেরপুরের মুজিবনগর উপজেলার ভবেরপাড়া গ্রামের মৃত ইদ্রিস শাহ’র বয়স ৩৫। গত বুধবার দুপুরে করোনা উপসর্গ নিয়ে তিনি

মেহেরপুর জেনারেল হাসপাতালে মারা যান। পরদিন বৃহস্পতিবার সকালে আইইডিসিআর এর বরাত দিয়ে সিভিল সার্জন জানান মৃত ঈদ্রিস শাহ করোনা পজেটিভ।

মেহেরপুরের সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন জানান, আইইডিসিআর এ দুদিনের মৃত্যুর হিসেব অনুযায়ী মেহেরপুরের হিসেব নেই। এ ধরণের তথ্য গোপন করা উচিত নয়। এটা একটা বৈষ্ণিক সমস্যা।

এ বিষয়ে সিভিল সার্জন ডা, নাসির উদ্দীন বলেন. আমি প্রতিদিনের করোনা সংক্রান্ত সমুদয় হিসাব আইইডিসিআর এ দিনেরদিন পাঠিয়ে দিচ্ছি”। তবে কেন যে মেহেরপুরের টা গণনা হয়নি তা জানা নাই।

জেলা করোনা প্রতিরোধ কমিটির সভাপতি ও জেলা প্রশাসক মো: আতাউল গনি বলেন, দুই দিনের মৃত্যুর যে হিসেব আইইডিসিআর দিয়েছে তাতে মেহেরপুরের টা নেই বিষয়টি বিভিন্ন মাধ্যমে আমিও জানতে পারলাম। তবে জেলার করোনা বিষয়ক টেকনিক্যাল সব কিছুর দায়িত্ব রয়েছেন সিভিল সার্জন। বিষয়টি নিয়ে সিভিল সার্জন বলেছি পুনরায় আইইডিসিআর এ যোগাযোগ করতে।

মেপ্র/ইএম

চুয়াডাঙ্গায় ঢিলেঢালা লকডাউন

চুয়াডাঙ্গা জেলাকে অবরুদ্ধ ঘোষণা করা হলেও তা কাউকে মানতে দেখা যায়নি। বৃহস্পতিবার সন্ধ্যায় লকডাউন ঘোষণার পর শুক্রবার সকাল থেকে চুয়াডাঙ্গা শহরে ও গ্রামাঞ্চলে দেখা যায় আগের মতোই চিত্র। মানুষ ঘরের বাইরে এসে ঘোরাঘুরি করেছেন। রাস্তায় ইজিবাইক ভ্যান রিকসা চলাচল করতে দেখা গেছে।

বৃহস্পতিবার সন্ধ্যা ৬টা থেকে চুয়াডাঙ্গা জেলাকে অবরুদ্ধ ঘোষণা করেন জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার। প্রকাশ করা হয় গণবিজ্ঞপ্তি। ওই বিজ্ঞপ্তিতে বলা হয়, কভিড-১৯ এর সংক্রমণ ঝুঁকি ও বিস্তার প্রতিরোধের জন্য চুয়াডাঙ্গা জেলাকে লকডাউন ঘোষণা করা

হলো। লকডাউন সময়ে জাতীয় ও আঞ্চলিক সড়ক ও মহাসড়ক এবং নৌপথে অন্য কোনো জেলা হতে কেউ এ জেলায় প্রবেশ করতে পারবে না। এই জেলা হতেও কেউ অন্য জেলায় যেতে পারবে না। জেলার অভ্যন্তরে আন্তঃউপজেলা যাতায়াতের ক্ষেত্রেও এই নিষেধাজ্ঞা বলবত থাকবে।

এছাড়াও সকল প্রকার গণপরিবহণ বন্ধ থাকবে। জনচলাচল বন্ধ থাকবে। তবে, জরুরি পরিসেবা, চিকিৎসা সেবা, কৃষি পণ্য, নিত্যপ্রয়োজনীয় খাদ্যদ্রব্য সরঞ্জাম সংগ্রহ ও পরিবহণ এবং ব্যাংকিং সেবা সীমিত পরিসরে চলবে।

শুক্রবার সকাল থেকে দুপুর পর্যন্ত মানুষ স্বাভাবিক ভাবেই চলাচল করেছে। লকডাউনের কোনো নিয়মনীতি কাউকে মানতে দেখা যায়নি। এ অবস্থায় সকাল থেকে সড়কে পুলিশকে হ্যান্ড মাইকে লকডাউন প্রচারণা চালাতে দেখা যায় এবং জনগণকে ঘরে ফিরে যাওয়ার অনুরোধ করা হয়।

প্রসঙ্গত, গত বৃহস্পতিবার চুয়াডাঙ্গা জেলায় করোনা ভাইরাসে আক্রান্ত নতুন ৬ জনকে শনাক্ত করা হয়। এর আগে চুয়াডাঙ্গায় শনাক্ত করা হয়েছিল ২ জনকে। এখন পর্যন্ত চুয়াডাঙ্গা জেলায় মোট ৮ জনকে শনাক্ত করা হয়েছে। এর মধ্যে একজন ইতিমধ্যেই সুস্থ হয়েছেন।

করোনা মোকাবেলায় প্রশাসনের পাশাপাশি স্বেচ্ছাসেবকদের প্রচারনা

বর্তমানে বাংলাদেশসহ সারা বিশ্বকে স্থবিত করে তুলেছে করোনা ভাইরাস। সারা বিশ্বে মহামারি আকারে ধারন করতে শুরু করেছে ভাইরাসটি। যে ভাইরাসের কারনে পৃথিবিতে লাখো মানুষের প্রান গিয়েছে।

বাংলাদেশেও ইতিমধ্যে একশতর ও বেশি মানুষের মৃত্যু হয়েছে। এছাড়া মেহেরপুর জেলায় করোনা ভাইরাসে ২ জন আক্রান্ত হয়েছে এবং তার

ভিতরে একজন মারা গিয়েছে। আর এই করোনা ভাইরাস মোকাবেলায় সারা বাংলাদেশের মত মেহেরপুরেও চলছে বিভিন্ন ধরনের প্রচারনা। তার-ই ধারাবাহিকতায় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি নিরলস ভাবে পরিশ্রম করে চলেছে।এছাড়া পুলিশ প্রশাসন,স্বাস্থকর্মি, জনপ্রতিনিধিগন সকলেই করোনা মোকাবেলায় বিভিন্ন প্রচারনা চালাচ্ছে। এদিকে, নিজের জীবন ঝুকির মধ্যে রেখে প্রশাসনকে বিভিন্ন ভাবে সহযোগিতা করে আসছে উপজেলা নির্বাহী অফিসার উসমান গনির নিজ উদ্যেগে তৈরি করা কোভিট-১৯ ভলেন্টিয়ার সদস্যবৃন্দ। প্রশাসনের পাশাপাশি জনগনকে ঘরে থাকতে ও সামাজিক দুরত্ব বজায় রাখতে বার বার করে আহব্বান জানাচ্ছে স্বেচ্ছাসেবক সদস্যরা। চালিয়ে যাচ্ছে দিনব্যাপি প্রচার প্রচারনা।

ইতিমধ্যে উপজেলা নির্বাহী অফিসারের গ্রহন করা কয়েকটি উদ্যেগকে সুন্দর সুষ্ট ও নিরলশ পরিশ্রম করে সফল করে তুলেছে স্বেচ্ছাসেবক সদস্যবৃন্দ। কয়েক সপ্তাহ আগে উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি সাপ্তাহিক হাটে নতুন পদ্ধতি চালু করেন। যার নাম দেওয়া হয় বক্স সিস্টেম হাট ম্যানেজমেন্ট। তিনি চিন্তা করেন বক্স সিস্টেম হাট ম্যানেজমেন্ট এর মাধ্যেমে বাজার করতে যাওয়া জনগনের সামাজিক দুরুত্ব নিশ্চিত করা যাবে। আর এই ব্যাবস্থাপনা সফল করতে সকল ধরনের সহযোগিতা করেছেন মুজিবনগর কোভিট-১৯ ভলেন্টিয়ার সদস্যবৃন্দ। তাদের নিরলস পরিশ্রমে বর্তমানে মুজিবনগর উপজেলার সকল হাটে একই সিস্টেমে চলছে এই ব্যাবস্থাপনা। আর এই হাট ব্যাবস্থাপনা বর্তমানে মুজিবনগর ছাড়িয়েও সারা বাংলাদেশে ছরিয়ে পরিছে। বর্তমানে বাংলাদেশের বিভিন্ন জেলায় হাটগুলোতে বক্স সিস্টেম হাট ব্যাবস্থাপনার চিত্র দেখা গিয়েছে।

ইতিমধ্যে মুজিবনগরে দুইজন করোনা সনাক্ত হয়েছে তার ভিতরে একজন মারাও গিয়েছে। আর তাকে দাফন করতে গিয়ে সংস্পর্শে আসায় ইউএনও,ডাক্তার ও তদন্ত ওসিসহ কয়েকজনকে থাকতে হয়েছে হোমকোয়ারিন্টিনে। তবে ইউএনও হোমকোয়ারিন্টেনে থাকায় বাইরে বের হতে পারছেন না। পারছেন না জনগনের দারে দারে গিয়ে সচেতন করতে। কিন্তু ইউএনওন নির্দেশে সকল স্বেচ্ছাসেবকগন চালিয়ে যাচ্ছে বিভিন্ন ধরনের প্রচার প্রচারনা। স্বেচ্ছাসেবকদের ভিতর থেকে দারিয়াপুর গ্রামের জাহিদ হাসান রাজিব জানান, উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশে আমরা জনগনকে সচেতন করতে বিভিন্ন ভাবে সচেতন করছি। সরকারী নির্দেশ অমান্য করেও যারা চায়ের দোকানসহ বিভিন্ন দোকান খুলে জনসমাগম করছে তাদেরকে বার বার করে দোকান বন্ধ রাখার

জন্য বলে আসছি।রাস্তা ঘাটে, মসজিদে একদিন-দুইদিন পর পর জিবানুনাশুক স্প্রে করছি। তাছাড়া সবচেয়ে বড় দুঃখের বিষয় হলো স্বেচ্ছাসেবকদের ব্যাক্তিগত নিজেদের কোন প্রটেকশন নাই। তারা প্রটেকশন ছাড়ায় ঝুকিপূর্ন অবস্থায় কাজ করে চলেছে।এরপরেও আজকে দেশের এই বিপদ সম্মুক্ষে প্রশাসনের পাশে দাড়াতে পেরে আমারা নিজেরা গর্ভবোধ করছি।

মানিকনগর গ্রামের হাসানুজ্জামান লাল্টু বলেন, ইউএনও স্যারের নেতৃত্বে আমরা মানিকনগর স্বেচ্ছাসেবক টিম প্রতিটা দিন পরিশ্রম করে যাচ্ছি।আমাদের এলাকায় থাকা অসহায় ব্যাক্তিদের সব সময় সেবা করে চলেছি। কারও ঘরে খাবার না থাকলে সেটা ইউএনও স্যারের সাথে কথা বলে তার বাসায় খাবার পৌছে দেয়ার ব্যাবস্থা করছি। এছাড়া কৃষকদের বিভিন্ন ভাবে উদ্বৃদ্ধ করতে প্রশাসনের পাশাপাশি আমরা সকলকে সচেতন করছি। যতদিন প্রযন্ত আমাদের জিবন থাকবে ততদিন প্রযন্ত আমরা এভাবেই করোনা মোকাবেলা করে যাবো। উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী বলেন, করোনা মোকাবেলায় উপজেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, স্বাস্থকর্মি ও জনপ্রতিনিধি বিভিন্ন ভাবে প্রচারনা চালিয়ে যাচ্ছি। তবে সাধারন জনগনকে সচেতন করতে আমাদের একার দ্বারা সম্ভব না। তাই জনগনকে সচেতন করতে অসহায় মানুষের পাশে দাড়াতে সকলের সহযোগিতা প্রয়োজন।

মুজিবনগর কোভিট-১৯ স্বেচ্ছাসেবক সদস্যরা সব সময় প্রশাসনকে সহযোগিতা করে যাচ্ছে। আর হাট-ব্যাবস্থাপনার বিষয়ে আমি শুধুমাত্র সিদ্ধান্তটুকুই নিয়েছিলাম। কিন্তু সেটা বাস্তবায়ন করার জন্য স্বেচ্ছাসেবক সদস্যরা নিরলশ ভাবে পরিশ্রম করেছে। তাদের এই পরিশ্রম ছাড়া হয়তো আমি এই ব্যাবস্থাপনাটিতে সফল হতে পারতাম না। আর এই দূসময়ে তাদের পাশে পেয়ে নিজেকেও খুব ভাগ্যবান মনে করছি।